

সাসটেইনবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

এসএফডি সার্কুলার নং: ০২

তারিখ: ডিসেম্বর ০১, ২০১৬
অগ্রহায়ণ ১৭, ১৪২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোতে
সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট গঠন ও কর্মপরিধি প্রণয়ন

আর্থিক খাতের মূল ধারায় টেকসইতা (Sustainability) অন্তর্ভুক্ত করার লক্ষ্যে ২০০৮ সালে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর বরাবরে বাংলাদেশ ব্যাংক Corporate Social Responsibility (CSR) এর নীতিমালা (ডিওএস সার্কুলার নং: ০১ তারিখ- জুন ০১, ২০০৮) জারি করে যা ছিল এ বিষয়ক প্রথম পদক্ষেপ। তারই ধারাবাহিকতায় ২০১১ সালে ব্যাংকগুলোর জন্য পরিবেশবান্ধব ব্যাংকিং নীতিমালা জারি করা হয় যা ২০১৩ সালে আর্থিক প্রতিষ্ঠানগুলোর জন্যও প্রযোজ্য করা হয় (বিআরপিডি সার্কুলার নং: ০২ তারিখ- ফেব্রুয়ারি ২৭, ২০১১; জিবিসিএসআরডি সার্কুলার নং: ০৪ তারিখ- আগস্ট ১১, ২০১৩; জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং: ০৫ তারিখ- সেপ্টেম্বর ১১, ২০১৩)। উক্ত নীতিমালায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে তাদের পরিবেশবান্ধব ব্যাংকিং কার্যক্রমের নীতি প্রণয়ন, মূল্যায়ন ও পরিচালনার লক্ষ্যে স্বতন্ত্র গ্রিন ব্যাংকিং ইউনিট/সেল গঠনের নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে, ব্যাংকগুলোর পরিবেশবান্ধব ব্যাংকিং সামগ্রিক তদারকীর দায়িত্ব পরিচালক পর্ষদের বুকি ব্যবস্থাপনা কমিটির উপর ন্যস্ত করা হয় (জিবিসিএসআরডি সার্কুলার নং: ০৮ তারিখ- ডিসেম্বর ২৪, ২০১৩)। এছাড়া, CSR বিষয়ক তথ্যাদি বাংলাদেশ ব্যাংকের নিকট যথাযথভাবে প্রেরণ ও সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগের জন্য ব্যাংকগুলোকে ২০১০ সালে CSR Desk স্থাপনের পরামর্শ প্রদান করা হয় (ডিওএস সার্কুলার নং: ১৬ তারিখ- ডিসেম্বর ২০, ২০১০) এবং ২০১৪ সালে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে তাদের প্রধান কার্যালয়ে CSR Unit বা স্বতন্ত্র Foundation স্থাপনের মাধ্যমে CSR সংশ্লিষ্ট সকল কার্যক্রম পরিচালনার নির্দেশনা প্রদান করা হয় (জিবিসিএসআরডি সার্কুলার নং: ০৭ তারিখ- ডিসেম্বর ২২, ২০১৪)।

২। ইতোমধ্যে, জাতিসংঘ বৈশ্বিক পর্যায়ে টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goals) ঘোষণা করেছে যা জাতীয় পর্যায়ে বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকার কর্মপরিকল্পনা প্রস্তুতের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে এবং মাননীয় প্রধানমন্ত্রী এ বিষয়ে সকলকে সমন্বিতভাবে অংশগ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেছেন। এছাড়া, টেকসই ব্যাংকিংয়ের মাধ্যমে আর্থিক খাতের স্থিতিশীলতা নিশ্চিত করার লক্ষ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের পরিবেশবান্ধব ব্যাংকিং ও CSR কার্যক্রম সমন্বিতভাবে এবং অধিকতর ফলপ্রসূ ও দক্ষতার সাথে পরিচালনা করার লক্ষ্যে একটি শক্তিশালী সাংগঠনিক কাঠামো অত্যন্ত জরুরী। এ প্রেক্ষিতে, টেকসই ব্যাংকিংয়ের মূল দুটি স্তর - পরিবেশবান্ধব ব্যাংকিং ও CSR এর যথাযথ পরিবীক্ষণ (Monitoring) এর লক্ষ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোতে সমন্বিত ইউনিট গঠন, কর্মপরিধি ও সামগ্রিক সাংগঠনিক কাঠামো সুনির্দিষ্টকরণের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলো:

২.১। সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ে একটি স্বতন্ত্র ‘সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট’ (বিভাগ/সেল/ডিভিশন নামেও অভিহিত হতে পারে) গঠন করতে হবে এবং একই সাথে গ্রিন ব্যাংকিং ইউনিট/সেল ও CSR

Desk/Unit (যেসব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান Foundation এর মাধ্যমে CSR কার্যক্রম পরিচালনা করছে, তাদের ক্ষেত্রে Foundation এর পরিচালন কাঠামো অপরিবর্তিত থাকবে) অবলুপ্ত হিসেবে গণ্য হবে। উক্ত ইউনিট প্রধান হিসেবে নিয়োজিত হবেন সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের ঋণ/বিনিয়োগ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের প্রধান। ইউনিট প্রধান ব্যতীত উক্ত ইউনিটে কমপক্ষে ০৫ (পাঁচ) জন পূর্ণকালীন কর্মকর্তা পদায়িত থাকবে যার ০১ (এক) জন (ন্যূনতম 'Senior Officer' বা সমপর্যায়ের কর্মকর্তা) হবেন বাংলাদেশ ব্যাংকের সাথে যোগাযোগ ও সমন্বয়ের জন্য 'Focal Point Official' (যার অনুপস্থিতিতে একজন Fallback Person থাকবেন)। উক্ত ইউনিটের কর্মপরিধি 'সংযুক্তি-১' এ বর্ণিত হলো।

২.২। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের টেকসই ব্যাংকিং ও টেকসই অর্থায়ন বিষয়ক কার্যক্রম ব্যবস্থাপনা পর্যায়ে পরিকল্পনা ও তদারকী করার লক্ষ্যে জ্যেষ্ঠতম উপব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে একটি উচ্চপর্যায়ের 'সাসটেইনেবল ফাইন্যান্স কমিটি' গঠন করতে হবে। উক্ত কমিটির কাঠামো ও কর্মপরিধি 'সংযুক্তি-২' এ বর্ণিত হলো।

২.৩। ব্যাংকগুলোর টেকসই ব্যাংকিং ও টেকসই অর্থায়ন (পরিবেশবান্ধব ব্যাংকিং ও CSR) কার্যক্রম বিষয়ে প্রতিষ্ঠানের শীর্ষ পর্যায়ে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ, কৌশলগত দিকনির্দেশনা ও তদারকীর সামগ্রিক দায়িত্ব পরিচালক পর্ষদের ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির উপর ন্যস্ত থাকবে এবং আর্থিক প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে তা নির্বাহী কমিটির উপর ন্যস্ত থাকবে। ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি/নির্বাহী কমিটির এ সংক্রান্ত কর্মপরিধি 'সংযুক্তি-৩' এ বর্ণিত হলো।

২.৪। সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিট বা সাসটেইনেবল ফাইন্যান্স কমিটির গঠনে কোন পরিবর্তন আনীত হলে তা অবিলম্বে 'মহাব্যবস্থাপক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা' এর বরাবরে পত্র/ই-মেইল মারফত অবহিত করতে হবে।

৩। এ সার্কুলার জারির ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো 'সংযুক্তি-৪' এ বর্ণিত ছক মোতাবেক উপরোক্ত নির্দেশনাবলীর বাস্তবায়ন প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহীর স্বাক্ষরে Forwarding Letter সহকারে 'মহাব্যবস্থাপক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা' এর বরাবরে আবশ্যিকভাবে দাখিল করতে হবে। উক্ত প্রতিবেদন দাখিলে ব্যর্থ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে যথাক্রমে ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (২০১৩ সালে সংশোধিত) ও আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (২০১৩ সালে সংশোধিত) এর ৪৫ ধারা ও আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (২০০৩ সালে সংশোধিত) এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনাবলী জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মনোজ কুমার বিশ্বাস)

মহাব্যবস্থাপক

ফোন নং: ৯৫৩০৩২০

ফ্যাক্স নং: ৯৫৩০৩২৪

Email: manoj.biswas@bb.org.bd

gm.gbcsrd@bb.org.bd

সংযুক্তি-১

সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিট এর কর্মপরিধি

১) নিম্নলিখিত বিষয়ে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব নীতিমালা প্রণয়ন, পরিমার্জন, সংশোধন, হালনাগাদকরণ ও বাস্তবায়ন নিশ্চিতকরণ সংক্রান্ত কার্যাবলী:

১.১. পরিবেশবান্ধব ব্যাংকিং

১.২. Corporate Social Responsibility (CSR)

১.৩. পরিবেশ ও সামাজিক ঝুঁকি ব্যবস্থাপনা নীতিমালা এবং খাতভিত্তিক পরিবেশ ও সামাজিক ঝুঁকি ব্যবস্থাপনা (ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা/বিনিয়োগ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের সাথে যৌথ উদ্যোগে করণীয়)

১.৪. Green Office Guide

১.৫. Green Strategic Planning

১.৬. Gender Parity

২) নিম্নলিখিত বিষয়ে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব কৌশলপত্র প্রণয়ন, পরিমার্জন, সংশোধন, হালনাগাদকরণ ও বাস্তবায়ন নিশ্চিতকরণ সংক্রান্ত কার্যাবলী:

২.১. Carbon Footprint Measurement (বার্ষিক ভিত্তিতে করণীয়)

২.২. জলবায়ু ঝুঁকি তহবিল গঠন ও পরিচালনা

২.৩. Green Marketing (মার্কেটিং/কমিউনিকেশন্স বিভাগের সাথে যৌথ উদ্যোগে)

৩) আর্থিক খাতে Collaborative CSR বিষয়ক (যথা: সমন্বিত দিবাযন্ত্র কেন্দ্র) সমন্বয় সংক্রান্ত কার্যাবলী।

৪) Green Branch স্থাপনের জন্য বাংলাদেশ ব্যাংকের নিকট আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি গ্রহণ ও স্থাপন সমন্বয় সংক্রান্ত কার্যাবলী।

৫) Sustainability Reporting প্রস্তুত সমন্বয় সংক্রান্ত কার্যাবলী (ফিন্যান্স এন্ড একাউন্টস বিভাগের সাথে যৌথ উদ্যোগে করণীয়)।

৬) এসএফডি সার্কুলার নং:০১/২০১৬ এর বাস্তবায়ন নিশ্চিতকরণ সংক্রান্ত কার্যাবলী।

৭) জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goals) বিষয়ে সময়ে সময়ে বাংলাদেশ সরকার ও বাংলাদেশ ব্যাংক হতে প্রদত্ত নির্দেশনাসমূহ বাস্তবায়ন নিশ্চিতকরণ সংক্রান্ত কার্যাবলী।

৮) পরিবেশবান্ধব ব্যাংকিং, CSR, টেকসই ব্যাংকিং ও টেকসই অর্থায়ন বিষয়ে সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংক হতে প্রদত্ত নির্দেশনাসমূহ বাস্তবায়ন নিশ্চিতকরণ সংক্রান্ত কার্যাবলী।

৯) পরিবেশবান্ধব ব্যাংকিং ও CSR বিষয়ক বাংলাদেশ ব্যাংকে দাখিলব্য সকল বিবরণী দাখিল ও সাসটেইনেবল ফাইন্যান্সের সকল বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সাথে সকল প্রকার যোগাযোগ ও সমন্বয় সংক্রান্ত কার্যাবলী।

১০) বাংলাদেশ ব্যাংকের সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্টের আওতাধীন সকল On-Lending/On-Blending (Refinance/Pre-Finance/Reimbursement) Scheme/Fund/Facility/Project এর Participation Agreement স্বাক্ষর, Refinance/Pre-Finance/Reimbursement এর আবেদন ও এ সংক্রান্ত সকল কার্যাবলী।

১১) Green Finance ও Sustainable Finance এর Financial Instrument & Product উদ্ভাবন ও বাংলাদেশ ব্যাংক হতে অনুমোদন সংক্রান্ত কার্যাবলী।

১২) ন্যূনতম মাসিক ভিত্তিতে ইউনিটের কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন সাসটেইনেবল ফাইন্যান্স কমিটির নিকট দাখিল ও কমিটির নির্দেশনাসমূহ বাস্তবায়ন।

১৩) Green Finance, CSR, Climate Risk Fund, Green Marketing এর বার্ষিক বাজেট প্রণয়ন ও তা সাসটেইনবল ফাইন্যান্স কমিটির মাধ্যমে পরিচালক পর্ষদের অনুমোদন গ্রহণ সংক্রান্ত কার্যাবলী।

১৪) ন্যূনতম ত্রৈমাসিক ভিত্তিতে ইউনিটের কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন পরিচালক পর্ষদের বুল্কি ব্যবস্থাপনা কমিটি (ব্যাংকের ক্ষেত্রে)/নির্বাহী কমিটির (আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে) নিকট দাখিল ও পর্ষদের নির্দেশনাসমূহ বাস্তবায়ন।

১৫) পরিবেশবান্ধব ব্যাংকিং, CSR, টেকসই ব্যাংকিং ও টেকসই অর্থায়ন বিষয়ে প্রতিষ্ঠানের Official/Staff দের প্রয়োজনীয় প্রশিক্ষণের বিষয়টি নিশ্চিতকরণ।

১৬) পরিবেশবান্ধব অর্থায়ন, জলবায়ু বুল্কি তহবিলের ব্যবহার, CSR এর আওতা, ব্যাপকতা ও পরিমাণ বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পরিকল্পনা ও উদ্যোগ গ্রহণ এবং তা সাসটেইনবল ফাইন্যান্স কমিটির মাধ্যমে পরিচালক পর্ষদের অনুমোদন গ্রহণ সংক্রান্ত কার্যাবলী।

১৭) পরিবেশবান্ধব ব্যাংকিং, CSR, টেকসই ব্যাংকিং ও টেকসই অর্থায়ন বিষয়ে বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন, প্রতিষ্ঠানের নিজস্ব Internal Control & Compliance এর যথাযথ পরিপালনের ক্ষেত্রে প্রয়োজনীয় সহায়তা প্রদান।

পাদটীকাঃ যেসব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান Foundation এর মাধ্যমে CSR কার্যক্রম পরিচালনা করছে, তাদের ক্ষেত্রে সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট Foundation ও সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে প্রয়োজনীয় সমন্বয় সাধন করবে।

সংযুক্তি-২

সাসটেইনবল ফাইন্যান্স কমিটির কাঠামো ও কর্মপরিধি

কাঠামো:

১) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে সাসটেইনবল ফাইন্যান্স কমিটি গঠিত হবে:

১.১. জ্যেষ্ঠতম উপব্যবস্থাপনা পরিচালক	- সভাপতি,
১.২. ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা/বিনিয়োগ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের প্রধান	- সদস্য,
১.৩. Credit Administration বিভাগের প্রধান	- সদস্য,
১.৪. Credit Monitoring & Recovery বিভাগের প্রধান	- সদস্য,
১.৫. Corporate Banking বিভাগের প্রধান	- সদস্য,
১.৬. Retail Banking বিভাগের প্রধান	- সদস্য,
১.৭. International Division এর প্রধান	- সদস্য,
১.৮. Risk Management বিভাগের প্রধান	- সদস্য,
১.৯. মানবসম্পদ ব্যবস্থাপনা বিভাগের প্রধান	- সদস্য,
১.১০. Finance & Accounts বিভাগের প্রধান/CFO	- সদস্য,
১.১১. ICC বিভাগের প্রধান	- সদস্য,
১.১২. Card (Debit/Credit) বিভাগের প্রধান	- সদস্য,
১.১৩. Logistics & Support Services বিভাগের প্রধান	- সদস্য,
১.১৪. Branches & Establishment বিভাগের প্রধান	- সদস্য,
১.১৫. Marketing & Communications বিভাগের প্রধান	- সদস্য,
১.১৬. ICT বিভাগের প্রধান	- সদস্য,
১.১৭. সাসটেইনবল ফাইন্যান্স ইউনিটের ০১ (এক) জন কর্মকর্তা	- সদস্য সচিব।

কর্মপরিধি:

- ১) সংযুক্তি-১ এ বর্ণিত সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট এর কার্যক্রমের বিষয়ে ব্যবস্থাপনা পর্যায়ে প্রয়োজনীয় অনুমোদন প্রদান, তদারকী ও মূল্যায়ন।
- ২) সাসটেইনবল ফাইন্যান্স ইউনিটকে এর কার্যক্রমের বিষয়ে বার্ষিক লক্ষ্যমাত্রা প্রদান ও তার মূল্যায়ন।
- ৩) সাসটেইনবল ফাইন্যান্স ইউনিটের কার্যক্রমের বিষয়ে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সব বিভাগের যথাযথ সমন্বয় ও সহযোগিতা নিশ্চিতকরণ।



সংযুক্তি-৩

টেকসই ব্যাংকিং ও টেকসই অর্থায়ন (পরিবেশবান্ধব ব্যাংকিং ও CSR) বিষয়ে
পরিচালক পর্ষদের ব্লক ব্যবস্থাপনা কমিটি/নির্বাহী কমিটির কর্মপরিধি

কর্মপরিধি:

- ১) সংযুক্তি-১ এ বর্ণিত সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট ও সাসটেইনবল ফাইন্যান্স কমিটির কার্যক্রমের বিষয়ে নীতি নির্ধারণ, দিক নির্দেশনা ও প্রয়োজনীয় অনুমোদন প্রদান, তদারকী ও মূল্যায়ন।
- ২) Green Finance, CSR, Climate Risk Fund, Green Marketing এর বার্ষিক বাজেট অনুমোদন।
- ৩) সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট ও সাসটেইনবল ফাইন্যান্স কমিটির গঠন অনুমোদন।



সংযুক্তি-৪

বাস্তবায়ন প্রতিবেদন দাখিলের ছক

১. (ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম) এর নবগঠিত সাসটেইনবল ফাইন্যান্স কমিটি:

ক্রম	নাম	পদনাম	ফোন নং ও মোবাইল নং	ই-মেইল	কমিটিতে অবস্থান
------	-----	-------	--------------------	--------	-----------------

২. (ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম) এর নবগঠিত সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট:

ক্রম	নাম	পদনাম	ফোন নং ও মোবাইল নং	ই-মেইল
------	-----	-------	--------------------	--------

৩. কোম্পানি সেক্রেটারি কর্তৃক সত্যায়িত সাসটেইনবল ফাইন্যান্স কমিটি ও সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট গঠন বিষয়ে পরিচালক পর্ষদের সিদ্ধান্তের অনুলিপি।